সংবাদ

তারিখ ২৮।১।৮১
পৃষ্ঠা ৯ কলাম ৮



প্রাথমিক শিক্ষক সমিতির

# মহাবিক্ষোভ কর্মসূচীর প্রতি ১৩টি ছাত্র সংগঠনের সমর্থন

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের ১৩টি ছাত্র সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক, ছয়টি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের সহ-সভাপতি সাধারণ সম্পাদক ও ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদের নেতৃবৃন্দ এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষক সমিতির মহাবিক্ষোভের কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়েছেন।

নেতৃবৃন্দ বলেন, দীর্ঘদিন যাবৎ ধর্মঘট ও বিক্ষোভ প্রদর্শনের পরেও সরকার প্রাথমিক শিক্ষকদের সমস্যা সমাধান না করে নির্যাতনের পথ ধরেছেন। গত ১০ই জানুয়ারী 'বিশ্বাসভংগ' দিবসে পুলিশ রংপুরে প্রাথমিক শিক্ষকদের শান্তিপূর্ণ মিছিলের উপর লাঠি চার্জ করে কয়েকজনকে আহত করেছে। প্রাথমিক শিক্ষক সমিতি নিরুপায় হয়ে আগামী ১৯শে ফেব্রুয়ারী হতে ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত ঢাকায় মহাবিক্ষোভের কর্মসূচী গ্রহণ করেছে।

তারা বলেন, আমরা মনে করি প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সাথে দেশের প্রতিটি নাগরিকের স্বার্থ জড়িত। সরকার শুধুমাত্র স্বীয় রাজনৈতিক উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে যেভাবে বিশৃংখল করে তুলেছে তাতে কোন দেশপ্রেমিক নাগরিক নীরব থাকতে পারে না। তাই আমরা এ অবস্থার অবসান ও প্রাথমিক শিক্ষকদের ন্যায্য সমস্যার সমাধান চাই। এই প্রেক্ষাপটে ছাত্র নেতৃবৃন্দ দলমত নির্বিশেষে আপামর জন-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মহাবিক্ষোভ

(১ম পাতার পর

সাধারণকে বিশেষভাবে ছাত্র সমাজকে প্রাথমিক শিক্ষক সমিতির মহাবিক্ষোভের কর্মসূচী সর্বাত্মকভাবে সফল করা এবং ২০শে ফেব্রুয়ারী বঙ্গভবন অভিযানে অংশ গ্রহণের জন্য আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে সই করেন বাংলাদেশ ছাত্রলীগ সভাপতি ওবায়দুল কাদের ও সাধারণ সম্পাদক বাহালুল মজনুন চুন্নু, ছাত্রলীগ (মুনির-হাসিব) সভাপতি [illegible] মুনির উদ্দীন আহমেদ ও সাধারণ সম্পাদক আবুল হাসিব খান, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি আবদুল মান্নান খান ও সাধারণ সম্পাদক আনোয়ারুল হক, ছাত্রলীগ (আজাদ-সিদ্দিকী) সভাপতি আজাদ রহমান ও সাধারণ সম্পাদক আবু বকর সিদ্দিকী, জাতীয় ছাত্র ফ্রন্টের আহ্বায়ক শেখ আসাদ ও মোঃ আবদুল হালিম সদস্য আহ্বায়ক কমিটি, বিপ্লবী ছাত্র মৈত্রীর সাধারণ সম্পাদক আতাউর রহমান ঢালী, জাতীয় ছাত্র ইউনিয়নের আহ্বায়ক আবদুল্লাহ আল মামুন। ডাকসুর সহ-সভাপতি মাহমুদুর রহমান মান্না ও সাধারণ সম্পাদক আখতারুজ্জামান জাকসুর সহ-সভাপতি আবুবকর সিদ্দিক ও সাধারণ সমপাদক আতাউর রহমান, ইউকসু'র সহ-সভাপতি খোন্দকার মোহাম্মদ ফারুক ও সাধারণ সম্পাদক আল হায়দার মুন্না, বাকসু'র সহ সভাপতি আবদুল মান্নান ও সাধারণ সম্পাদক প্রদীপ রঞ্জন কর, বাকসু'র সহ-সভাপতি ফজলে হোসেন বাদশা ও সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির রানা, চাকসুর সহ-সভাপতি মাজহারুল বাদশা চৌধুরী ও সাধারণ সম্পাদক জমীর চৌধুরী এবং ঢামেকসু'র সহ-সভাপতি মোজাম্মেল হোসেন খান।

প্রাথমিক শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, উপরোক্ত সংগঠন ছাড়াও ছাত্রলীগ (ভুট্টো-বাবুল), বিপ্লবী ছাত্র ইউনিয়ন (মানু), গণতান্ত্রিক ছাত্রলীগ, বিপ্লবী ছাত্র ইউনিয়ন (হাবিব), ছাত্র সমিতি, ছাত্র ঐক্য ফোরামও তাদের কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়েছে।